



শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ফ্যাক্সঃ ৭১৬১৭৯৮ ওয়েবঃ www.most.gov.bd

নং- ৩৯.০০.০০০০.০০৯.০৬.০২৪.১৯-১২

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৭
২৯ জুন ২০২০

“বিশেষ গবেষণা অনুদানের চেক বিতরণের জরুরি বিজ্ঞপ্তি”

বিষয়: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ‘বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচি’ খাত-এর বিশেষ গবেষণা অনুদান ২০১৯-২০২০ অর্থবছরে অনুদানপ্রাপ্ত গবেষণা প্রকল্পের ৩য় ও ৪র্থ কিস্তির চেক বিতরণ।

উপর্যুক্ত বিষয়ে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের “বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচি” খাত-এর বিশেষ গবেষণা অনুদান ২০১৯-২০২০ অর্থবছরে অনুদানপ্রাপ্ত গবেষণা প্রকল্পের ৩য়-৪র্থ কিস্তির চেক এ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তার মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বিজয় স্মরণী, ঢাকায় আগামী ০২ জুলাই ২০২০ তারিখ রোজ শুক্রবার সকাল ১০:০০ টা থেকে দুপুর ০২:০০ টা পর্যন্ত বিতরণ করা হবে। যথাসময়ে প্রকল্প পরিচালকগণ কর্তৃক চেক সংগ্রহ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য বর্ণিত বিষয়ে বিস্তারিত জানার জন্য হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ সিরাজুল ইসলাম-এর মোবাইল নাম্বারে (০১৮১৭৫৯৪৫৮৩) যোগাযোগ করা যেতে পারে। যার চেক তাকেই গ্রহণ করতে হবে তবে কেউ অসুস্থ থাকলে নিম্নস্বাক্ষরকারীর সাথে আলোচনা সাপেক্ষে একজন প্রধান গবেষক (PI) কে Authorization প্রদানের মাধ্যমে চেক সংগ্রহ করা যাবে। যারা প্রথম কিস্তির চেক গ্রহণ করতে পারেননি বা সময়মত চেক ব্যাংকে জমা দিতে পারেননি তাদের চেক গ্রহণের জন্য আসার প্রয়োজন নেই। যাদের চেক প্রস্তুত আছে তাদের তালিকা দেয়া হলো। শুধুমাত্র ১ (এক) দিনই চেক বিতরণ করা হবে। অনুগ্রহপূর্বক সম্মানিত প্রধান গবেষক (PI) গণকে চেক সংগ্রহপূর্বক দ্রুত ব্যাংক হিসাবে চেক জমা দেয়ার অনুরোধ করা হলো। কোনভাবেই চেকের সময় বৃদ্ধি করা যাবে না কারণ অর্থবছর শেষ হয়ে গিয়েছে।

সংযুক্তি: চেক প্রস্তুতকৃত গবেষণা প্রকল্পের তালিকা।

(ড. মো: গোলাম মোস্তফা)

উপসচিব


ফোন: ৯৫৭৬৫৩৯

মোবাইল: ০১৫৫২৩২৪৫৯০

চলমান পাতা -

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- ১। অতিরিক্ত সচিব (বিপ্র), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বিজয় স্মরণী, ঢাকা (চেক বিতরণের বুথ (উল্লেখ্য প্রতি বুথে ১টি টেবিল, ৩টি চেয়ার) সদয় প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা
- ৪। সিস্টেম ম্যানেজার, আইটি সেল, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
- ৫। সহকারি সচিব, শাখা-৪, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা (চেক বিতরণ কাজের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের যাতায়াতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা (চেক বিতরণের প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)



(ড. মো: গোলাম মোস্তফা)

উপসচিব

ফোন: ৯৫৭৬৫৩৯

মোবাইল: ০১৫৫২৩২৪৫৯০